গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৬.২০২৫-১৩৫১ | তারিখ: ১০ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

বিষয়: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এর নামে (ভূয়া মোবাইল নম্বর: ০১৯১১০৯৯৬১৪) অর্থ দাবী, আদায় ও অন্যান্য সুযোগ-সুবিধা আদায় সংক্রান্ত।

সম্প্রতি স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষিত হয়েছে যে, কিছু সুযোগ সন্ধানী লোক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার ছবি ও ভূয়া মোবাইল নম্বর (০১৯১১০৯৯৬১৪) ব্যবহার করে নানাভাবে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিকট অর্থ দাবী করছে। এছাড়া, মাননীয় উপদেষ্টার স্বাক্ষর জাল করে বিভিন্ন সুপারিশ ও তদবীর করছে এবং সুযোগ-সুবিধা দাবী করছে।

২। বর্ণিতাবস্থায়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং তাঁর পরিবারের সদস্যদের নাম ব্যবহার করে কোন তদবির/সুপারিশ/অনৈতিক সুযোগ-সুবিধা দাবিকারীগণকে উপেক্ষা করা এবং এ ধরনের পরিস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর কাছে সোপর্দ করার জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬/১০/২৫


মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন-৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ------------------- জেলা পরিষদ (সকল)।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ..................... উপজেলা, ............................... জেলা (সকল)।
১১. সিস্টেম এনালিস্ট, ............................মন্ত্রণালয়/বিভাগ (সকল) [ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ]।
১২. প্রশাসক, পৌরসভা (সকল)।
১৩. চেয়ারম্যান/প্রশাসক, .................... ইউনিয়ন পরিষদ, ..................... উপজেলা, ....................... জেলা (সকল)।

**অনুলিপি:**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।